দৈনিক ইত্তেফাক

তারিখ 17 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ৪

# আজ শিক্ষা দিবস

ইত্তেফাক রিপোর্ট ।। আজ (শুক্রবার) ঐতিহাসিক শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে গণবিরোধী হামিদুর রহমান শিক্ষা কমিশনের রিপোর্ট বাতিলের

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আজ শিক্ষা দিবস

(প্রথম পৃষ্ঠার পর)

দাবীতে ব্যাপক ছাত্র আন্দোলন শুরু হয়।

শিক্ষা দিবস উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল শেষে মধুর ক্যান্টিনের সম্মুখে সমাবেশের আয়োজন করে। ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন সমাবেশে ছাত্রদের বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে ৯ দফা সম্বলিত স্মারকলিপি পাঠ করিয়া শোনান। নাজিমউদ্দিন আলম বক্তৃতা করেন। পরে ছাত্র দলের একটি শোভাযাত্রা বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করিয়া সচিবালয়ের গেটে যায়। সেখানে ছাত্রদল নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে বর্ধিত সার্টিফিকেট ফি প্রত্যাহার, ছাত্র বেতন বৃদ্ধি না করা, ন্যায্যমূল্যে শিক্ষা উপকরণ সরবরাহ, মাধ্যমিক শিক্ষা অবৈতনিক করা এবং শিক্ষা শেষে চাকুরীর নিশ্চয়তা দাবী করা হইয়াছে।

এই উপলক্ষে ছাত্রলীগ (ম-ই) আজ সকাল ৯টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্প অর্পণ ও শপথ গ্রহণ, ১৯শে সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রসভা এবং ২০শে সেপ্টেম্বর বিকাল ৫টায় টিএসসি মিলনায়তনে সেমিনারের কর্মসূচী গ্রহণ করিয়াছে। ছাত্রলীগ (বা-কা) এই উপলক্ষে ২১শে সেপ্টেম্বর সকাল ১১ টায় মধুর ক্যান্টিন হইতে শোভাযাত্রা এবং জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে সমাবেশের কর্মসূচী গ্রহণ করিয়াছে।

ছাত্র ফেডারেশন এই উপলক্ষে গতকাল অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশের আয়োজন করে। সমাবেশ শেষে মিছিল বাহির হয়।

জাগপা সমর্থিত ছাত্রলীগ এই উপলক্ষে আজ বিকালে জাগপা কার্যালয়ের সম্মুখে সমাবেশের আয়োজন করিয়াছে।